তারিখ ... 2 JUN 2017 ...
পৃষ্ঠা ... কলাম ...

সংবাদ

# শেরপুরে মাদ্রাসার জমিতে যুবলীগ নেতার সাইনবোর্ড

**প্রতিনিধি, শেরপুর (বগুড়া)**

বগুড়ার শেরপুরের খামারকান্দি-জয়নগর আহলে হাদিস কওমি হাফেজিয়া মাদ্রাসার জায়গা দখল করে কথিত যুবলীগের নেতা ইউপি সদস্য শেখ কামাল স্মৃতি সংসদের সাইনবোর্ড ঝুলিয়ে দিয়েছে। এতে মাদ্রাসার জায়গায় মাটি ভরাটের কাজ ব্যাহত হচ্ছে।

জানা যায়, উপজেলার খামারকান্দি ইউনিয়নের খামারকান্দি বাজার এলাকায় বিগত ২০০০ সালে খামারকান্দি-জয়নগর আহলে হাদিস কওমি হাফেজিয়া মাদ্রাসা প্রতিষ্ঠিত হয়। মাদ্রাসার জায়গা কম থাকায় সেখানে ইসলামী জালসা করা কষ্টসাধ্য হয়। মাদ্রাসার দক্ষিণ পার্শ্বে রাস্তার সঙ্গে সনাতন ধর্মের রঞ্জিত কুমার ঘোষের ৬ শতক জমি ক্রয় করার প্রস্তাব দেয়া হয়। সেই মর্মে গত ১৫ জানুয়ারি ২০১৭ তারিখে রঞ্জিত কুমার ঘোষ শেরপুর সাব-রেজিস্ট্রি অফিসে এসে ৬ শতক জমি মাদ্রাসর নামে লিখে দেয়। কিন্তু ওই ইউনিয়ন পরিষদের সদস্য কথিত যুবলীগ নেতা মোখলেছুর রহমান তার সাঙ্গপাঙ্গদের সঙ্গে নিয়ে উপর মহলের নির্দেশ রয়েছে মর্মে ওই জমির একাংশে শেখ কামাল স্মৃতি সংসদের সাইনবোর্ড ঝুলিয়ে দিয়েছে। এতে ওই মাদ্রাসার জায়গায় মাটি ভরাটের কাজ ব্যহত হচ্ছে। এ ঘটনা নিয়ে মাদ্রাসা কমিটি তার কাছে গেলে সে তাদের পাত্তা দেয়নি। এ ঘটনা নিরসনে উর্ধ্বতন কর্তৃপক্ষের হস্তক্ষেপ কামনা করেছেন এলাকাবাসী। এ ব্যাপারে ইউপি সদস্য কথিত যুবলীগ নেতা মোখলেছুর রহমান বলেন, এটা সরকারী খাস জায়গা এখানে যুবলীগের অফিস হবে। প্রয়োজনে মাদ্রাসা অন্য জায়গায় করুক।